গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী,ঢাকা-১২১২।

স্মারকনং-স্বাঃ অধিঃ/হাসঃ/COVID-19/হাসপাতাল রুপান্তর/করোনা ফাইল নং-৩/২০২০/ ৫৭২ তারিখ- 02/06/20

বিষয়ঃ- করোনা রোগীদের ICUসেবায় নির্বাচিত এএফসি হেলথ ফরটিস হার্ট ইনষ্টিটিউট কুমিল্লাকে আর্থিক অনুদান বিষয়ে মতামত প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে,বর্নিত হাসপাতালটি জেলা করোনা কমিটির সুপারিশক্রমে ও হাসপাতাল কর্তৃপক্ষের আগ্রহের প্রেক্ষিতে কোভিড-১৯ রোগীদের ICU সাপোর্ট সহ চিকিৎসা সেবা (১৯শে এপ্রিল/২০২০ থেকে) প্রদান করে আসছে । গত ১৮-০৫-২০২০ইং তারিখে উক্ত হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মহাপরিচালক বরাবরে তাহাদের হাসপাতাল পরিচালনার জন্য ICU খরচ বাবদ ৫,০৬,৮২,৮০৮/-(পাচঁ কোটি ছয় লক্ষ বিরাশি হাজার আটশত আট) টাকা এবং ষ্টাফদের বেতন বাবদ মাসিক ৪১,৬৩,৭৭৯/-(একচল্লিশ লক্ষ তেষট্টি হাজার সাতশত উনআশি) টাকার আর্থিক অনুদান চেয়ে আবেদন করা হয় (কপি সংযুক্ত) ।

সেবা প্রদানের জন্য তাহাদের কোন পূর্বশত ছিল কি না বা এত পরিমান টাকা দাবীর যৈক্তিকতা কতটুকু ইত্যাদি বিষয় গুলো যাচাই পূর্বক নিম্মস্বাক্ষরকারী বরাবরে আগামী ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে মতামত/সুপারিশ প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

2/6/20

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমুহ)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা -১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd
ফোন নং-৫৫০৬৭১৫০/৫৫০৬৭১৫১

বিতরনঃ-

সিভিল সার্জন
কুমিল্লা ।

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরিত হল ।

১। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা । (দৃ আঃ- উপ-পরিচালক (সমন্বয়) ।
২। পরিচালক(স্বাস্থ্য) চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
৩। ব্যবস্থাপনা পরিচালক,এএফসি হেলথ ফরটিস হার্ট ইনষ্টিটিউট, কুমিল্লা ।
৪। অফিস কপি ।

**AFC HEALTH LTD.**

A Concern of Active Fine Chemicals Limited

DD (Hos-2)

AD (Hosp-2)

20/05/2020

তাং: ১৮/০৫/২০২০

বরাবর
মহাপরিচালক,
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, হাসপাতাল শাখা

**বিষয়ঃ করোনা রোগীর ইন্টেনসিভ কেয়ার বা আইসিইউ সেবায় নিবেদিত এএফসি হেলথ ফরটিস হার্ট ইনস্টিটিউট কুমিল্লায় আর্থিক অনুদান প্রদান প্রসঙ্গে**

**প্রিয় মহোদয়,**

**যথাবিহিত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, মরণব্যাধী কোভিড-১৯ বা করোনা মোকাবেলায় জেলা প্রশাসক ও সিভিল সার্জন** কুমিল্লা নির্দেশক্রমে (কপি সংযুক্ত, স্মারক নং-০৫.৪২.১৯০০.০১৮.১৬০.২০-৪২৫(১০), সিএসসি/শা-৫/২০২০/১৯০২) আমাদের হাসপাতালের সিসিইউকে করোনা আইসিইউতে রুপান্তর করে করোনা রোগীর ক্রিটিক্যাল কেয়ার সেবা প্রদান করা হচ্ছে। করোনা রোগীর সেবা শুরুর পর থেকে পরিচালক কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, স্থানীয় প্রশাসন এবং কুমিল্লা-৬ আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয়ের কয়েকদফা মিটিং ও নির্দেশক্রমে বিগত ১৯ এপ্রিল ২০২০ তারিখ হতে আমাদের হাসপাতালের নন-কভিড রোগীর সেবা প্রদান স্থগিত রাখা হয়েছে। সিসিইউকে আইসিইউতে রুপান্তর করতে ইতোমধ্যেই বিপুল পরিমান অর্থ ব্যয় করা হয়েছে এবং রোগী সেবা বন্ধ হয়ে যাওয়ায় আমাদের কর্মীদের বেতনভাতা ও আনুষঙ্গিক ব্যয় মেটানো সম্ভব হচ্ছেনা। পরিস্থিতির আগাম বিবেচনায় আপনার উদ্দেশ্যে আমাদের পুর্ববর্তী চিঠিতে (কপি সংযুক্ত) মেডিকেল ইকুয়েপমেন্ট ও আনুষঙ্গিক ক্রয় এবং স্টাফের বেতনভাতা প্রদানের জন্য আর্থিক অনুদানের বিশেষ অনুরোধ করা হয়েছিল। এহেন পরিস্থিতিতে নিম্নোক্ত বিষয়গুলো আপনার সদয় বিবেচনার জন্য উপস্থাপন করছিঃ

১) আমাদের সিসিইউ-কে আইসিইউ-তে রুপান্তর করতে নতুন মেডিকেল ইকুয়েপমেন্ট ক্রয় এবং পুরোনোগুলো সার্ভিসিং ও আনুষঙ্গিক কনজ্যুমেবলস ক্রয় বাবদ মোট ৫০,৬৮২,৮০৮.৫০ টাকা ব্যয় হয়েছে

২) হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে মোট ১১০ জন স্টাফের জন্য মাসিক বেতন-ভাতা ৪,১৬৩,৭৭৯.০০ টাকা প্রয়োজন

অতএব, উপরোক্ত বিষয়গুলো বিবেচনায় রেখে দেশের এই সংকটকালীন সময়ে করোনা রোগীর আইসিইউ সেবা প্রদানে এবং আমাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে সিসিইউকে আইসিইউতে রুপান্তর খরচ এবং করোনাকালে বেতন-ভাতা মাসিক হারে প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নিবেদক,

জুয়েল খান
ম্যানেজিং ডিরেক্টর
এএফসি হেলথ লিমিটেড

সংযুক্তিঃ
১) নির্দেশনা পত্র, স্মারক নং- ০৫.৪২.১৯০০.০১৮.১৬০.২০-৪২৫(১০), সিএসসি/শা-৫/২০২০/১৯০২
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বরাবর লেখা পুর্ববর্তী সকল পত্রের অনুলিপি

অনুলিপিঃ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) মাননীয় সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়
৩) জেলা প্রশাসক, কুমিল্লা
৪) পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল
৫) সিভিল সার্জন, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, কুমিল্লা।
E-mail: comilla@cs.dghs.gov.bd

স্মারক নং-সি.এস.সি/শা-৫/২০২০/১৯০২ তারিখ: ০৫/০৪/২০২০খ্রিঃ

বরাবর,
পরিচালক,
এএফসি হেলথ ফরটিস হার্ট ইনষ্টিটিউট (Escorts Fortis),
আলেখারচর, নোয়াপাড়া, কুমিল্লা।

বিষয়: COVID-19 করোনা ভাইরাস রোগীদের জন্য আইসিইউ/সিসিইউ ব্যবহার উপযোগী রাখা প্রসঙ্গে।
সূত্র : স্মারক নং-সি,এস,সি/শা-৫/২০২০/১৮৬৬ তারিখ: ০২/০৪/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে এবং সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, কুমিল্লা এর গত ২৮/০৩/২০২০খ্রি: তারিখের করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী COVID-19 করোনা ভাইরাস রোগীদের জন্য আইসিইউ/সিসিইউ ব্যবহার উপযোগী রাখার বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ রাখার জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন পদক্ষেপ গ্রহণ করেননি। যা আজ পরিদর্শন টিম সরজমিনে গিয়ে দেখতে পায়। এমতাবস্থায়, আগামী ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও জনস্বাস্থ্য সংশ্লিষ্ট।

(ডাঃ মোঃ নিয়াতুজ্জামান)
সিভিল সার্জন
কুমিল্লা।
ও
৫/৪/২০২০
সদস্য সচিব
করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি।
ফোন-০৮১-৬০৪০০, ফ্যাক্স-০৮১-৬০৪০২।

স্মারক নং-সি,এস,সি/শা-৫/২০২০/১৯০২/১(৮) তারিখঃ ০৫/০৪/২০২০খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। জনাব আলহাজ্ব আ ক ম বাহাউদ্দিন বাহার, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৬ নির্বাচনী এলাকা ও উপদেষ্টা, করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি।
২। জেনারেল অফিসার কমান্ডিং, ৩৩ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, কুমিল্লা এরিয়া।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। পরিচালক, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৫। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৭। জেলা প্রশাসক, কুমিল্লা ও সভাপতি, করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি।
৮। পুলিশ সুপার, কুমিল্লা ও সদস্য, করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি।
৯। অফিস নথি।

সিভিল সার্জন
কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৯০০.০১৮.১৬০.২০- ৪২৫(৭০)

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৬ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সম্ভাব্য রোগীর চিকিৎসা সেবার জন্য আইসিইউ ও সিসিইউ প্রস্তুত রাখা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সরকারি নির্দেশনার আলোকে কুমিল্লা জেলাপ্রশাসন, জেলা পুলিশ, জেলা স্বাস্থ্য বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে কোয়ারেন্টাইন থাকার জন্য জেলা সদরে দু'টি প্রতিষ্ঠান প্রস্তুত রাখা হয়েছে। বর্তমানে জেলার সম্ভাব্য রোগীর চিকিৎসা সেবা প্রদানের সুবিধার্থে জেলার সকল বেসরকারী হাসপাতালে বিদ্যমান আইসিইউ ও সিসিইউ প্রস্তুত রাখা প্রয়োজন।

এমতাবস্থায়, করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে তাঁর পরিচালিত হাসপাতালে বিদ্যমান আইসিইউ ও সিসিইউ-তে প্রয়োজনীয় সংখ্যক বেডের সংরক্ষণ রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ইহা অতীব জরুরি

26/6/2020

মো: আবুল ফজল মীর
জেলাপ্রশাসক
কুমিল্লা
ফোন :০৮১-৬০৩০১
Email: dccomilla@mopa.gov.bd

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক
.................... হাসপাতাল
কুমিল্লা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, [illegible], ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, কুমিল্লা।
৪। [illegible]
৫। [illegible]